সিলেট বোর্ড ২০১৫

হিসাববিজ্ঞান : প্রথম পত্র

বিষয় কোড: | ২ | ৫ | ৩ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল

পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ

প্রশ্ন-১ ► তুহিন এন্ড সন্সের ৩১ ডিসেম্বর ২০১৪ তারিখের রেওয়ামিল নিম্নরূপ:

তুহিন এন্ড সন্স
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৪

হিসাবের শিরোনাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
ক্রয় ও বিক্রয়	৩৩,০০০	৮৫,০০০
প্রারম্ভিক মজুদ পণ্য	২৩,০০০	
আসবাবপত্র	২০,০০০	
উত্তোলন ও মূলধন	১৬,০০০	৬০,৭০০
বেতন	১২,০০০	
অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি	২,০০০	৩,৬০০
প্রাপ্য হিসাব	৩৪,৫০০	
ভাড়া	৮,০০০	
কর ও অভিকর (৩১ মার্চ ২০১৫ পর্যন্ত প্রদত্ত)	৮০০	
	১,৪৯,৩০০	১,৪৯,৩০০

অন্যান্য তথ্যাবলি :

i. সমাপনী মজুদ পণ্য ২০,০০০ টাকা মূল্যায়িত হয়েছে।
ii. মাসিক বেতন প্রদানের হার ১,৫০০ টাকা এবং ভাড়া ৮ মাসের প্রদত্ত হয়েছে।
iii. ক্রয়ের মধ্যে ৫০০ টাকার মনিহারি এবং বিক্রয়ের মধ্যে ২,০০০ টাকার আসবাবপত্র বিক্রয় অন্তর্ভুক্ত আছে।
iv. অনাদায়ী পাওনা ৫০০ টাকা। প্রাপ্য হিসাবের ওপর ৫% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতি ধরতে হবে।

ক. প্রাপ্য হিসাবের নিট আদায়যোগ্য মূল্যের পরিমাণ নির্ণয় করো। ২
খ. উক্ত বছরের ব্যবসায়ের মোট মুনাফার পরিমাণ নির্ণয় করো। ৪
গ. তুহিন এন্ড সন্সের পরিচালন মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

প্রশ্ন-২ ► জনাব আরিফের ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

হিসাবের শিরোনাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	১,০০,০০০	
ক্রয় ও বিক্রয়	৩,২০,০০০	৫,১৫,০০০
মূলধন		১০,৫০,০০০
উত্তোলন	২,০০,০০০	
যন্ত্রপাতি	৯০,০০০	
বেতন (৮০%)	৮০,০০০	
অগ্রিম বিমা সেলামী	৬,০০০	
নগদ	৫,০০,০০০	
প্রাপ্য হিসাব	১,০০,০০০	
ফেরত	১৫,০০০	২০,০০০
বিক্রয় বাট্টা ও ক্রয় বাট্টা	২,৫০০	৩,০০০
ব্যাংক সুদ		২,০০০
আসবাবপত্র	৮০,০০০	
ভ্রমণ খরচ	৪০,৫০০	
সাধারণ খরচ	৫০,০০০	
অন্তর্মুখী বহন খরচ	৬,০০০	
	১৫,৯০,০০০	১৫,৯০,০০০

সমন্বয়সমূহ :

i. সমাপনী মজুদের মূল্য ১,০৫,০০০ টাকা।
ii. ধারে বিক্রয় ১৫,০০০ টাকা লিপিবদ্ধ করা হয়নি।
iii. বিক্রয়মূল্যে পণ্য উত্তোলন ৫০,০০০ টাকা।
iv. মেয়াদ উত্তীর্ণ বিমা সেলামী ৪,৫০০ টাকা।
v. যন্ত্রপাতির ওপর ১০% এবং আসবাবপত্রের ওপর ২০% অবচয় ধরতে হবে।
vi. এই বছরে মোট মুনাফার পরিমাণ ২,৬৪,৫০০ টাকা।

ক. নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ২০১৪ সালের নিট মুনাফার পরিমাণ নির্ণয় করো। ৪
গ. ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে মি: আরিফের উদ্বর্তপত্র প্রস্তুত করো। ৪

খ বিভাগ

প্রশ্ন-৩ ► মেসার্স শাহীন ট্রেডার্সের নিচের লেনদেনগুলো ২০১৪ সালের মার্চ মাসে সংঘটিত হয়েছিল :

২০১৪ইং

মার্চ ১ নগদ তহবিল ৪০,০০০ টাকা এবং ব্যাংকে জমাতিরিক্ত ৫,৫০০ টাকা।
" ৪ পণ্য ক্রয় নগদে ১৫,০০০ টাকা এবং বাকীতে ২০,০০০ টাকা।
" ৭ তুষার নিকট হতে ৪,০০০ টাকা এবং ৩,০০০ টাকার দুটি চেক পাওয়া গেল।
" ১০ পণ্য বিক্রয় নগদে ২৫,০০০ টাকা এবং বাকীতে ৩৫,০০০ টাকা।
" ১৮ বিলে স্বীকৃতি প্রদানের মাধ্যমে পণ্য ক্রয় করা হলো ৮,০০০ টাকা।
" ২৫ ব্যাংক কর্তৃক ৯,০০০ টাকার একটি প্রাপ্য বিল আদায় হলো এবং ৬,০০০ টাকার একটি প্রদেয় বিল পরিশোধ হলো।
" ২৭ করিমের নিকট হতে ১০,০০০ টাকা মূল্যের পণ্য ১০% বাট্টায় ক্রয় করা হলো।
" ৩০ দেনাদারের নিকট হতে ১২,০০০ টাকার একটি চেক পাওয়া গেল।

ক. মোট ক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না এরূপ লেনদেনগুলো জাবেদাভুক্ত করো। ৪
গ. মেসার্স শাহীন ট্রেডার্সের দু'ঘরা নগদান বই তৈরি করো। ৪

প্রশ্ন-৪ ► নোটন ব্রাদার্সের ২০১৩ ও ২০১৪ সালের প্রাপ্য হিসাব সংক্রান্ত তথ্যাবলি নিচে দেওয়া হলো :

প্রারম্ভিক অনাদায়ী পাওনা সঞ্চিতি (১-১-২০১৩) ৪,০০০ টাকা।

	২০১৩ (টাকা)	২০১৪ (টাকা)
প্রাপ্য হিসাব	৭৫,০০০	৬০,০০০
অনাদায়ী পাওনা বাবদ অবলোপন করতে হবে	৫,০০০	৩,০০০
অনাদায়ী পাওনা সঞ্চিতির হার	৫%	১০%

ক. ২০১৩ ও ২০১৪ সালের অনাদায়ী পাওনা খরচের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ২০১৩ ও ২০১৪ সালের অনাদায়ী পাওনা হিসাব প্রস্তুত করো। ৪
গ. ২০১৩ ও ২০১৪ সালের অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব প্রস্তুত করো। ৪

প্রশ্ন-৫ ► জাবেদ ট্রেডার্সের ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো দেওয়া হলো :

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
মূলধন	৯৬,০০০	বিক্রয়	৩৫,০০০
বিনিয়োগ	২৫,০০০	বিক্রয় ফেরত	৪,০০০
ভূমি	৪০,০০০	ক্রয়	১০,০০০
প্যাকিং খরচ	২,০০০	জীবন বিমা প্রিমিয়াম	৫,০০০
অফিস খরচ	৭,০০০	ইজারা সম্পদ	৩০,০০০
ছাপা ও মনিহারি	৩,৫০০	অফিস সরঞ্জাম	১০,০০০
বিবিধ খরচ	৫,০০০	উত্তোলন	৪,৫০০
শেয়ার অধিকার	১৫,০০০	কু-ঋণ সঞ্চিতি	৫,০০০

ক. উপর্যুক্ত তথ্যের আলোকে পরোক্ষ ব্যয়গুলোর সমষ্টি নির্ণয় করো। ২
খ. উপর্যুক্ত খতিয়ান উদ্বৃত্তসমূহ নিয়ে একটি রেওয়ামিল তৈরি করো। ৪
গ. মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় করো। ৪

প্রশ্ন-৬ ▶ নিম্নবর্ণিত তথ্যাবলি ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে জনাব কাজল এর হিসাব বই হতে নেওয়া হয়েছে :

১. ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে নগদান বই মোতাবেক ব্যাংকে জমার পরিমাণ ছিল ৩৪,৬৫০ টাকা।
২. পাওনাদারদের বরাবর ইস্যুকৃত ৭,০০০ টাকার চেক ভুলে নগদান বইতে ৭,৫০০ টাকা লেখা হয়েছে।
৩. দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমা ৬,০০০ টাকা নগদান বইতে দু'বার ডেবিট করা হয়েছে।
৪. ৪,০০০ টাকার ২ মাস মেয়াদী প্রাপ্য নোট [illegible] হারে ব্যাংকে বাট্টা করে নগদান বইতে নোটের পূর্ণ মূল্য লেখা হয়েছে।
৫. ব্যাংক কর্তৃক মঞ্জুরীকৃত সুদ ৬০০ টাকা ভুলে নগদান বইতে ৭০০ টাকা লেখা হয়েছে।

ক. প্রাপ্য নোটের বাট্টার পরিমাণ নির্ণয় করো। ২
খ. নগদান বইয়ের ডেবিট দিকে কত টাকা বেশি লেখা হয়েছে নির্ণয় করো। ৪
গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি করো। ৪

প্রশ্ন-৭ ▶ রশিদ এন্ড কোং এর ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের জেরওয়ামিল নিম্নরূপ:

হিসাবের শিরোনাম	ডেবিট (টাকা)	ক্রেডিট (টাকা)
ব্যাংক জমাতিরিক্ত		৪,০০০
নগদ তহবিল	৯০,০০০	
মূলধন		৫৫,০০০
উত্তোলন	২০,০০০	
সেবা আয়		১,১০,০০০
বেতন	২৪,০০০	
অগ্রিম ভাড়া	৩৬,০০০	
কমিশন		১,০০০
	১,৭০,০০০	১,৭০,০০০

অন্যান্য তথ্যাবলি :

i. অনুপার্জিত সেবা আয় ৪,৬০০ টাকা।
ii. মালিকের ব্যক্তিগত উত্তোলন ১০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
iii. কমিশন অনাদায়ী রয়েছে ২,০০০ টাকা।
iv. অগ্রিম ভাড়া ১২,০০০ টাকা মেয়াদ উত্তীর্ণ হয়েছে।

ক. মুনাফা জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. প্রয়োজনীয় সমন্বয় দাখিলা দাও। ৪
গ. ১০ ঘরবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত করো। ৪

প্রশ্ন-৮ ▶ ২০১২ সালের ১লা জানুয়ারি তারিখে মিঃ জাকির এন্ড কোং মিঃ ১,৭৫,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করেন। উক্ত মেশিনের সংস্থাপন ব্যয় হয় ২৫,০০০ টাকা। বার্ষিক ২০% হারে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে মেশিনের ওপর অবচয় ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। প্রতি বছর ৩১ ডিসেম্বর হিসাবকাল শেষ হয়।

ক. ২০১২ থেকে ২০১৪ সাল পর্যন্ত সময়ের অবচয় সারণি নির্ণয় করো। ২
খ. ২০১২ থেকে ২০১৪ সাল পর্যন্ত প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. ২০১২ থেকে ২০১৪ সাল পর্যন্ত সময়ের অবচয় সঞ্চিতি হিসাব প্রস্তুত করো। ৪

প্রশ্ন-৯ ▶ মিঃ মামুন একজন ব্যবসায়ী। তিনি একতরফা দাখিলা পদ্ধতিতে হিসাব রাখেন। তার ব্যবসায়ের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ:

	১-১-২০১৪ টাকা	৩১-১২-২০১৪ টাকা
নগদ তহবিল	৭,০০০	৮,০০০
ব্যাংক জমা	৯,০০০ (ক্র.)	৭,০০০
মজুদ পণ্য	৭,০০০	১০,০০০
বিবিধ দেনাদার	২০,০০০	২৫,০০০
বিবিধ পাওনাদার	১৫,০০০	২০,০০০
আসবাবপত্র	৩০,০০০	
বিনিয়োগ	২০,০০০	২০,০০০

মিঃ মামুন তার নিজ প্রয়োজনে কারবার হতে সারা বছর ধরে প্রতি মাসে নগদ ১,০০০ টাকা করে উত্তোলন করেছেন। এছাড়া কারবার হতে তিনি বছরে মোট ৩,০০০ টাকার পণ্য উত্তোলন করেছেন। তিনি কারবারের জন্য ১-৪-২০১৪ তারিখে ২০,০০০ টাকা মূল্যের একটি ডেলিভারী ভ্যান ক্রয় করেছিলেন। এই ডেলিভারী ভ্যান ক্রয়ে ১৫,০০০ টাকা তিনি তার ব্যক্তিগত তহবিল হতে এবং অবশিষ্ট টাকা উত্তোলিত হতে সংগ্রহ করেছিলেন। তিনি ব্যবসায়ের বিক্রয়লব্ধ সমুদয় ৫,০০০ টাকা তার ব্যক্তিগত হিসাবে জমা রাখেন।

অন্যান্য তথ্যাবলি :

১. মূলধনের ওপর ১০% হারে সুদ ধার্য করতে হবে।
২. বিবিধ দেনাদারের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট দেনাদারের ওপর ১০% হারে অনাদায়ী দেনা সঞ্চিতি তৈরি করতে হবে।
৩. আসবাবপত্রের ওপর ৫% এবং ডেলিভারী ভ্যানের ওপর ১০% অবচয় ধার্য করতে হবে।

ক. নিট উত্তোলনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. মি. মামুনের প্রারম্ভিক মূলধন ৬০,০০০ টাকা ও সমাপনী মূলধন ১,০০,০০০ টাকা হলে উক্ত বছরের নিট লাভ বা নিট ক্ষতি নির্ণয় করো। ৪
গ. ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে মি. মামুনের আর্থিক অবস্থা নিরূপণ করো। ৪

উত্তরমালা

১. উত্তর : ক. প্রাপ্য হিসাবের নিট আদায়যোগ্য মূল্য ৩২,৩০০ টাকা। খ. মোট লাভ ৪৭,৫০০ টাকা। গ. নিট লাভ ১৫,৮০০ টাকা।
২. উত্তর : ক. নিট বিক্রয়ের পরিমাণ ৫,৬২,৫০০ টাকা। খ. নিট লাভ ৪৬,৫০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৮,৬৬,৫০০ টাকা।
৩. উত্তর : ক. মোট ক্রয়ের পরিমাণ ৫২,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ৭২,০০০ টাকা। গ. হাতে নগদ ৪১,০০০ টাকা এবং ব্যাংকে জমা ১৬,৫০০ টাকা।
৪. উত্তর : ক. অনাদায়ী পাওনা বাবদ খরচ : ২০১৩ সালে ৪,৫০০ টাকা এবং ২০১৪ সালে ৫,২০০ টাকা।
৫. উত্তর : ক. পরোক্ষ খরচের সমষ্টি ১৭,৫০০ টাকা। খ. রেওয়ামিলের যোগফল ১,৫১,০০০ টাকা। গ. মালিকানাস্বত্বের পরিমাণ ১,১০,০০০ টাকা।
৬. উত্তর : ক. প্রাপ্য নোটের বাট্টার পরিমাণ ৩৩ টাকা। খ. ৬,১৩৩ টাকা বেশি লেখা হয়েছে। গ. ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংকে জমার উদ্বৃত্ত ২৯,০১৭ টাকা।
৭. উত্তর : ক. মুনাফা জাতীয় আয়ের পরিমাণ ১,০৮,৪০০ টাকা। খ. সমন্বয় জাবেদার যোগফল ২৮,৬০০ টাকা। গ. নিট লাভ ৭২,৪০০ টাকা, আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১,৩৬,০০০ টাকা।
৮. উত্তর : ক. অবচয় খরচ : ২০১২ – ৪০,০০০ টাকা; ২০১৩ – ৩২,০০০ টাকা এবং ২০১৪ – ২৫,৬০০ টাকা। খ. জাবেদার যোগফল ৩,৯৫,২০০ টাকা। গ. পুঞ্জিভূত অবচয়ের জের ৯৭,৬০০ (২০১৪) টাকা।
৯. উত্তর : ক. নিট উত্তোলন ১৫,০০০ টাকা। খ. নিট মুনাফা ২৩,৮৭৫ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১,১০,০০০ টাকা।